

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৯

আগরতলা, ২২ জুন, ২০২২

মধ্য কাউলিকুড়া অঙ্গনওয়াড়িকেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

কনিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। গত ১৬ জুন হাওরের বাজার উপস্বাস্থ্য কেন্দ্রের অধীন হাডের বাজার ১নং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এবং কাউলিকুড়া উপস্বাস্থ্য কেন্দ্রের অধীন মধ্য কাউলিকুড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। উক্ত দুটি অনুষ্ঠানে এলাকার মোট ৪৫ জন মা ও শিশু অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠান গুলিতে কমিউনিটি হেলথ অফিসার সুদীপ রায় ও এমপিডব্লিও রাজিব আলী উপস্থিত সকলকে কুষ্ঠ রোগ সনাক্তকরণের উপায়, প্রতিরোধের উপায় ও চিকিৎসা পদ্ধতি নিয়ে আলোচনা করেন। তাছাড়া শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, মা ও শিশুর পুষ্টিকর খাবার গ্রহণের গুরুত্ব, মাতৃদুগ্ধ পানের উপকারিতা ও প্রয়োজনীয়তা এবং আয়ুষ্মান ভারত প্রকল্পের সুবিধা গ্রহণ করার বিষয়ে আলোচনা করেন। উক্ত অনুষ্ঠানে অঙ্গনওয়াড়িকর্মী এবং এলাকার আশাকর্মীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে উপস্থিত সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজের এই সংবাদ জানানো হয়েছে।
